# জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং ঃ ০৬ (১০১) জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/প্রাইভেট/২০০১/২৩৬৯ তারিখ ঃ ০৬/০২/২০২০

## ২০২০ সালের স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সের রেজিস্ট্রেশন সম্পর্কিত বিজ্ঞপ্তি

## কোর্সসমূহ: বি.এ/বি.এস.এস/বি.বি.এস

**ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)**

**অনলাইন আবেদনের তারিখ: ১০ ফেব্রুয়ারি থেকে ২৩ ফেব্রুয়ারি ২০২০**

### ১। স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে আবেদন করার যোগ্যতা

| | |
|---|---|
| ক) | বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে ২০১৮ সাল বা তৎপূর্বে HSC ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.০/সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪০% নম্বর এবং তৎসংশ্লিষ্ট SSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০/সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪০% নম্বর প্রাপ্ত শিক্ষার্থীরা ২০২০ সালের স্নাতক (পাস) প্রাইভেট (বি.এ/বি.এস.এস/বি.বি.এস) কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। এ ছাড়া বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে এইচ.এস.সি. সমমান কোর্সসমূহ থেকে শুধুমাত্র ১। এইচ.এস.সি. (ভোকেশনাল) ২। ডিপ্লোমা-ইন-কমার্স ৩। এইচ.এস.সি. (বিজনেস্ ম্যানেজমেন্ট) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা উল্লিখিত শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। |
| খ) | O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৮ সাল বা তৎপূর্বে A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা এ কোর্সে আবেদন করতে পারবে। |
| গ) | জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে সেই শিক্ষার্থী ২০২০ সালের স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে ভর্তি হতে পারবে না। তবে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২০ সালের স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে আবেদন করতে পারবে। |
| ঘ) | স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে কোন শিক্ষার্থী একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে। |
| ঙ) | ১৯৮৮ সালের পূর্বে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে আলীম পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে রেজিষ্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না। |
| চ) | প্রাইভেট রেজিস্ট্রেশনের আবেদন পত্রে আবেদনকারীগণ কোর্সওয়ারী যে সকল বিষয় নির্বাচন করবে কেবলমাত্র সে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন কোর্স/বিষয় সংশ্লিষ্ট কলেজে অধিভুক্তি না থাকলে সে বিষয়ে রেজিষ্ট্রেশন করা যাবে না।<br>স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সের জন্য নির্ধারিত বিষয়সমূহঃ বাংলা(ঐচ্ছিক), ইংরেজী(ঐচ্ছিক), আরবী, উর্দু, ফার্সী, সংস্কৃত, দর্শন, ইসলামী শিক্ষা, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, পালি, হিসাব বিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং এবং ফাইন্যান্স ও ব্যাংকিং। উল্লিখিত বিষয়সমূহ সংশ্লিষ্ট কলেজে অধিভুক্ত বিষয় হিসাবে থাকতে হবে। যে সকল বিষয়ে মাঠকর্ম বা ব্যবহারিক পরীক্ষা আছে সে সকল বিষয়ে স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করা যাবে না। |

### ২। সার্টিফিকেট কোর্সে আবেদন করার যোগ্যতা

| | |
|---|---|
| ক) | বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা যে সকল বিষয় নিয়ে ডিগ্রী (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষায় কৃতকার্য হয়েছে সে সব বিষয় ছাড়া নিম্নে উল্লিখিত যে কোন একটি বিষয়ে নিয়ে সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।<br>বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল বা কামিল পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষার প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না। |
| খ) | সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন প্রাপ্ত প্রার্থীরা ২০২০ সালের স্নাতক (পাস) প্রাইভেট পরীক্ষার্থীদের সংগে একই কোর্স ও কারিকুলাম অনুযায়ী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। |
| গ) | বিষয় সমূহঃ বাংলা(ঐচ্ছিক), ইংরেজী(ঐচ্ছিক), আরবী, উর্দু, ফার্সী, সংস্কৃত, দর্শন, ইসলামী শিক্ষা, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, পালি, হিসাব বিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং এবং ফাইন্যান্স ও ব্যাংকিং। |

### ৩। অনলাইনে আবেদনের নিয়মাবলী ও ধার্যকৃত ফি

| | |
|---|---|
| ক) | ২০২০ সালের স্নাতক (পাস) প্রাইভেট প্রোগ্রামে বি.এ/বি.এস.এস/বি.বি.এস কোর্স/সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য প্রার্থীকে ১০ ফেব্রুয়ারি বিকাল ৪টা থেকে ২৩ ফেব্রুয়ারি ২০২০ তারিখ রাত ১২টা পর্যন্ত জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এর মাধ্যমে আবেদন ফরম পূরণ করতে হবে। এ লক্ষ্যে আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Degree Pass অপশনে গিয়ে Blank Data Entry Form (Deg. Private) অপশন থেকে আবেদন ফরম পূরণ করতে হবে। প্রাইভেট সার্টিফিকেট কোর্সে আবেদনকারীরা একই অপশন থেকে আবেদন করতে পারবে। |
| খ) | Blank Data Entry Form এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফরম পূরণের ক্ষেত্রে প্রার্থীকে সতর্কতার সংগে নিজের নাম, পিতা/মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য নির্ভুলভাবে এন্ট্রি দিতে হবে। প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে। |
| গ) | আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলা নির্ধারণ করে যে কোন কলেজের নাম Select করলে সংশ্লিষ্ট কলেজে আবেদনকারী ভর্তি যোগ্য (Eligible) কোর্স/বিষয়ের তালিকা দেখতে পাবে। ভর্তি যোগ্য (Eligible) কোর্স/বিষয়ের তালিকা থেকে আবেদনকারীকে সর্তকতার সংগে তার প্রার্থিত কোর্স/বিষয়ের পছন্দ নির্ধারণ করতে হবে। |

| | |
|---|---|
| ঘ) | এ পর্যায়ে আবেদনকারী সঠিক লিঙ্গ (Gender) নির্ধারণ করে Male/Female এন্ট্রি দিবে। তথ্য ছকে Male এর স্থলে Female বা Female এর স্থলে Male প্রদর্শিত হলে আবেদনকারীকে Click to Change অপশনে গিয়ে সঠিক তথ্য দিতে হবে। |
| ঙ) | প্রাথমিক আবেদন ফরম পূরণের সময় প্রার্থীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ 120×150 pixels, Image Type: jpg এবং maximum file size:50Kb হতে হবে।<br>**প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি আবেদন ফরমে আপলোড করা হলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।** |
| চ) | সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে প্রথমে ফরমটি **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [**A4** (8.5"×11") অফসেট সাদা কাগজে] প্রিন্ট (Print) নিতে হবে। |
| ছ) | **পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন:** আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে জমাদানের পূর্বে প্রার্থী তার আবেদন ফরমটি যাচাই করবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য প্রার্থীকে **Applicant Login** অপশন থেকে **Degree Pass (private)** লিংকে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে **Form Cancel/Photo Change Option** এ গিয়ে **Click to Generate the Security key** অপশনটি ক্লিক করলে আবেদনকারী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে। এ লক্ষ্যে আবেদনকারীকে তার ব্যক্তিগত সঠিক মোবাইল নম্বর সর্তকতার সংগে আবেদন ফরমে সংযোজন করতে হবে। তবে কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করার পর তা আর বাতিল করা যাবে না। **প্রার্থী ছবি পরিবর্তনের সুযোগ কেবলমাত্র একবারই পাবে।** |
| জ) | আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সংগে প্রার্থীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, সার্টিফিকেট কোর্সের ক্ষেত্রে স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও প্রাথমিক আবেদন **ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা ও রেজিস্ট্রেশন ফি বাবদ ৪৮৫/-(চারশত পঁচাশি) টাকা** সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। আবেদনকারীর মূল সনদপত্র ও নম্বরপত্র স্ব স্ব কলেজ কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন । প্রাথমিক আবেদন ফরমটির দ্বিতীয় অংশ কলেজ অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ প্রার্থীকে ফেরত দিবে। কলেজ যে সকল প্রাথমিক আবেদন ফরম **online**-এ নিশ্চয়ন করবে সে সকল প্রার্থী তাদের মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে তা জানতে পারবে। **প্রাথমিক আবেদন নিশ্চয়ন ব্যতীত কোন প্রার্থীকেই রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না।** |

## ৪। ভর্তি সংক্রান্ত কাজে কলেজের করণীয়

| | |
|---|---|
| ক) | **কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন:**<br>সংশ্লিষ্ট কলেজ স্নাতক (পাস) প্রাইভেট/ সার্টিফিকেট কোর্সের রেজিস্ট্রেশন কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এর **College (Undergraduate) Login** অপশনে গিয়ে তাদের জন্য বরাদ্দকৃত [স্নাতক (পাস) নিয়মিত প্রোগ্রামের ভর্তি কার্যক্রমে প্রদত্ত] **User ID** ও **Password** এন্ট্রি দিবে। আবেদন ফরম নিশ্চয়নের সময় **Click to Generate the Security key** অপশনে গিয়ে ক্লিক করলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে **SMS** ও কলেজ ই-মেইল এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** ব্যবহার করে সংশ্লিষ্ট কলেজ প্রার্থীদের প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করতে পারবে।<br>**কলেজ কর্তৃক যে সকল প্রাথমিক আবেদন অনলাইনে নিশ্চয়ন করা হবে শুধুমাত্র সে সকল আবেদনকারীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে।** |
| খ) | **কলেজ কর্তৃক প্রার্থীদের তথ্য যাচাই:**<br>কলেজ কর্তৃপক্ষকে আবেদন ফরম নিশ্চয়নের পূর্বে আবেদন ফরমে প্রদর্শিত প্রার্থীর সকল তথ্য ও ছবি যাচাই করে নিতে হবে। **এ লক্ষ্যে অনুচ্ছেদ-১ এ বর্ণিত "আবেদনের যোগ্যতা" এর সকল শর্ত পূরণ হয়েছে কিনা তা যাচাই করে নিতে হবে**। আবেদন ফরমে আবেদনকারীর তথ্য বা ছবির অসংগতি পাওয়া গেলে কলেজ কর্তৃক আবেদন ফরমটি নিশ্চয়ন না করে প্রার্থীকে অনলাইনে ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন করার পরামর্শ দিতে হবে। |
| গ) | কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করার পর **পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন** করা যাবে না। **ত্রুটিপূর্ণ ছবিসহ ভর্তিকৃত প্রার্থীর ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।** |
| ঘ) | **কোর্সওয়ারী পত্র কোড এন্ট্রি:**<br>কলেজ কর্তৃক ২০২০ সালের স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সের রেজিস্ট্রেশন প্রোগ্রামে নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীদের কোর্সওয়ারী বিষয় গুচ্ছ থেকে (অনুচ্ছেদ-৫ দ্রষ্টব্য) পত্র কোড এন্ট্রি দিতে হবে। **উল্লেখ্য যে, সংশিষ্ট কলেজকে স্নাতক (পাস) প্রাইভেট প্রোগ্রামে বি.এ/বি.এস.এস/বি.বি.এস কোর্সে অধিভুক্ত বিষয় থেকে অবশ্যই পত্র কোড এন্ট্রি দিতে হবে**। এ লক্ষ্যে কলেজকে **Login** এর মাধ্যমে **Paper Code Entry (Deg. Private)** অপশন ক্লিক করে শিক্ষার্থীদের পত্র কোড এন্ট্রি সম্পন্ন করতে হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পত্র কোড এন্ট্রি না দেয়া হলে অথবা ভুল পত্র কোড এন্ট্রি দেয়া হলে সংশ্লিষ্ট প্রার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না। **২০১৯-২০২০ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) নিয়মিত প্রোগ্রামের জন্য প্রযোজ্য সিলেবাস থেকে পত্র কোড এন্ট্রি দিতে হবে**। রেজিস্ট্রেশন কার্ড ইস্যুর পর পত্র কোড পরিবর্তনের আবেদন গ্রহণযোগ্য হবে না। |
| ঙ) | **সোনালী সেবার মাধ্যমে ফি প্রদান:**<br>কলেজ কর্তৃপক্ষকে প্রার্থীদের আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ **[প্রাথমিক আবেদন ফি বাবদ আবেদনকারী প্রতি ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা হারে]** ও রেজিস্ট্রেশন ফি **[আবেদনকারী প্রতি ৪৮৫/-(চারশত পঁচাশি) টাকা হারে]** যে কোন সোনালী ব্যাংক শাখায় "সোনালী সেবা"র মাধ্যমে জমা দিতে হবে।<br>এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে **Application Payment Info (Deg. Private)** অপশন ক্লিক করে দু'টি আলাদা Pay Slip ডাউনলোড করতে হবে। ২০২০ সালের স্নাতক (পাস) প্রাইভেট রেজিস্ট্রেশনের আবেদন (ভর্তি ফান্ড) ফি ও রেজিস্ট্রেশন ফি'র সঞ্চয়ী হিসাব নম্বর যথাক্রমে **0218100003245** ও **0218100000134** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং সংশ্লিষ্ট কলেজকে এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। |

## ৫। স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়সমূহ

| ভর্তিচ্ছু কোর্সসমূহ | আবশ্যিক বিষয়সমূহ | নৈর্বাচনিক বিষয়সমূহ |
|---|---|---|
| ক) বিএ (পাস) | ১) স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (১ম বর্ষ)<br>২) বাংলা জাতীয় ভাষা (২য় বর্ষ)<br>৩) ইংরেজি (৩য় বর্ষ) | **নিম্নে প্রদত্ত গুচ্ছসমূহের যে কোন তিনটি গুচ্ছ থেকে একটি করে মোট ০৩ (তিনটি) বিষয় নির্বাচন করতে হবে। কোন গুচ্ছ থেকে একাধিক বিষয় নির্বাচন করা যাবে না।**<br>ক গুচ্ছ- বাংলা(ঐচ্ছিক)/ইংরেজি(ঐচ্ছিক)/ সংস্কৃত/ আরবী/ আরবী/উর্দু/ফার্সী/সংস্কৃত/পালি/ড্রামা এন্ড মিডিয়া স্টাডিজ<br>খ গুচ্ছ- ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি<br>গ গুচ্ছ- ইসলামী শিক্ষা/দর্শন<br>ঘ গুচ্ছ- অর্থনীতি/রাষ্ট্রবিজ্ঞান/সমাজবিজ্ঞান |
| খ) বি এস এস (পাস) | | **ক গুচ্ছ থেকে ০২ (দুই) টি এবং খ গুচ্ছ থেকে ০১ (একটি) করে মোট ০৩ (তিনটি) বিষয় নির্বাচন করতে হবে।**<br>ক গুচ্ছ- অর্থনীতি/রাষ্ট্রবিজ্ঞান/সমাজ বিজ্ঞান<br>**খ গুচ্ছ-** ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ ইসলামী শিক্ষা//দর্শন/বাংলা(ঐচ্ছিক)/ইংরেজি(ঐচ্ছিক)/ সংস্কৃত/ আরবী/পালি |
| গ) বি বি এস (পাস) | | **ক গুচ্ছ থেকে ০২ (দুই) টি এবং খ গুচ্ছ থেকে ০১ (এক) টি করে মোট ০৩ (তিনটি) বিষয় নির্বাচন করতে হবে।**<br>ক গুচ্ছ- হিসাব বিজ্ঞান ও ব্যবস্থাপনা<br>খ গুচ্ছ- ফিন্যান্স এন্ড ব্যাংকিং/মার্কেটিং/ অর্থনীতি |

### ৬। আবেদনের সময়সূচি:

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ক) | অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট কপি সংগ্রহের তারিখ: | ১০/০২/২০২০ থেকে ২৩/০২/২০২০ |
| খ) | আবেদনকারীর প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করে আবেদন ফিসহ প্রয়োজনীয় কাগজপত্র আবেদন ফরমে উল্লিখিত কলেজে জমা দেয়ার তারিখ: | ১১/০২/২০২০ থেকে ২৪/০২/২০২০ |
| গ) | কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার তারিখ: | ১১/০২/২০২০ থেকে ২৫/০২/২০২০ |
| ঘ) | কলেজ কর্তৃক প্রার্থীদের আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ **[প্রাথমিক আবেদন ফি বাবদ আবেদনকারী প্রতি ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা হারে]** ও রেজিস্ট্রেশন ফি **[আবেদনকারী প্রতি ৪৮৫/-(চারশত পঁচাশি) টাকা হারে]** যে কোন সোনালী ব্যাংক শাখায় "সোনালী সেবা"র মাধ্যমে জমা দেয়ার তারিখ:<br>এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে **Login** এর মাধ্যমে Application Payment Info (Deg. Private) অপশনে ক্লিক করে **Pay Slip** ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে যে কোন 'সোনালী সেবা' প্রদানকারী নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। | ২৬/০২/২০২০ থেকে ০৩/০৩/২০২০ |

## ৭। নিম্নে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্রাদি আবেদনপত্রের সংগে জমা দিতে হবে

| | |
|---|---|
| ক) | মাধ্যমিক/সমমান এবং উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষা পাসের সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি এবং সার্টিফিকেট কোর্সের জন্য উল্লিখিত সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপিসহ স্নাতক (পাস) পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি (মূল সনদপত্র ও নম্বরপত্র স্ব স্ব কলেজ কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন) । |
| খ) | **সামরিক বাহিনী, পুলিশ, বি.জি.বি ও আনসার বাহিনীতে চাকুরীরত প্রার্থীদেরকে তাদের চাকুরী দু-বছর পূর্ণ হয়েছে এ মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। তাদের চাকুরীতে নিয়োগের তারিখ, পরীক্ষায় অংশগ্রহণ পর্যন্ত চাকুরীতে বহাল থাকার বিবরণ এবং পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে ইত্যাদি বিষয় প্রত্যয়নপত্রে উল্লেখ থাকতে হবে।** |
| গ) | সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে মর্মে প্রত্যয়ন পত্রে উল্লেখ করতে হবে। |

## ৮। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্স রেজিস্ট্রেশনের নির্ধারিত ফিসের হার

**প্রাথমিক আবেদন ফি**

| | |
|---|---|
| i) প্রাথমিক আবেদন ফি | **= ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা**<br>**[জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা ও কলেজের অংশ ১০০/-(একশত) টাকা]** |

**রেজিস্ট্রেশন ফি**

| | |
|---|---|
| i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি | **= ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা** |
| ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি | **= ২০/- (বিশ) টাকা** |
| iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি | **= ৫/- (পাঁচ) টাকা** |
| iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | **= ১০/- (দশ) টাকা** |
| | মোট **= ৪৮৫ (চারশত পঁচাশি) টাকা** |

## ৯। যে সকল কলেজে প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করা যাবে ঃ

| ক্রমঃ | কলেজের নাম | কোড | ক্রমঃ | কলেজের নাম | কোড | ক্রমঃ | কলেজের নাম | কোড |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | সর. পি.সি. কলেজ, বাগেরহাট | ১০১ | ৩২ | জয়পুরহাট সর. কলেজ, জয়পুরহাট | ২৮০১ | ৬৩ | ভাওয়াল বদরে আলম সর. কলেজ, গাজীপুর | ৫৫০১ |
| ২ | সাতক্ষীরা সর. কলেজ, সাতক্ষীরা | ২০১ | ৩৩ | লালমহিরহাট সর. কলেজ, লালমনিরহাট | ২৯০১ | ৬৪ | কাজী আজিমউদ্দিন কলেজ, গাজীপুর | ৫৫০৫ |
| ৩ | সর. মহিলা কলেজ, খুলনা | ৩১২ | ৩৪ | কুড়িগ্রাম সর. কলেজ, কুড়িগ্রাম | ৩০০১ | ৬৫ | টঙ্গী সর. কলেজ, গাজীপুর | ৫৫১১ |
| ৪ | সর. বি.এল. কলেজ, খুলনা | ৩২২ | ৩৫ | নীলফামারী সর. কলেজ, নীলফামারী | ৩১০১ | ৬৬ | সর. তোলারাম কলেজ, নারায়নগঞ্জ | ৫৬০১ |
| ৫ | সর. ভিক্টোরিয়া কলেজ, নড়াইল | ৪০১ | ৩৬ | কারমাইকেল কলেজ, রংপুর | ৩২০১ | ৬৭ | হরগঙ্গা সর. কলেজ, মুন্সিগঞ্জ | ৫৭০১ |
| ৬ | সর. এম.এম. কলেজ, যশোর | ৫০১ | ৩৭ | গাইবান্ধা সর. কলেজ, গাইবান্ধা | ৩৩০১ | ৬৮ | সর. দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ | ৫৮০১ |
| ৭ | সর. কে.সি. কলেজ, ঝিনাইদহ | ৬০১ | ৩৮ | দিনাজপুর সর. কলেজ, দিনাজপুর | ৩৪০১ | ৬৯ | রাজবাড়ী সর. কলেজ, রাজবাড়ী | ৫৯০১ |
| ৮ | সর. হোসেন শহীদ সো. কলেজ, মাগুরা | ৭০১ | ৩৯ | ঠাকুরগাঁও সর. কলেজ, ঠাকুরগাঁও | ৩৫০২ | ৭০ | সর. রাজেন্দ্র কলেজ, ফরিদপুর | ৬০০১ |
| ৯ | চুয়াডাঙ্গা সর. কলেজ, চুয়াডাঙ্গা | ৮০১ | ৪০ | মকবুলার রহমান সর. কলেজ, পঞ্চগড় | ৩৬০১ | ৭১ | সারদা সুন্দরী মহিলা কলেজ, ফরিদপুর | ৬০০২ |
| ১০ | মেহেরপুর সর. কলেজ, মেহেরপুর | ৯০১ | ৪১ | ভিক্টোরিয়া কলেজ, কুমিল্লা | ৩৭০১ | ৭২ | সর. বঙ্গবন্ধু কলেজ, গোপালগঞ্জ | ৬১০১ |
| ১১ | কুষ্টিয়া সর. কলেজ, কুষ্টিয়া | ১০০১ | ৪২ | কুমিল-া সর. মহিলা কলেজ, কুমিল্লা | ৩৭০৩ | ৭৩ | শরীয়তপুর সর. কলেজ, শরীয়তপুর | ৬২০১ |
| ১২ | বি.এম. কলেজ, বরিশাল | ১১০১ | ৪৩ | বি.বাড়ীয়া সর. কলেজ, বি বাড়ীয়া | ৩৮০১ | ৭৪ | সরঃ নাজিমউদ্দিন কলেজ, মাদারীপুর | ৬৩০১ |
| ১৩ | বরিশাল সর. মহিলা কলেজ, বরিশাল | ১১০৭ | ৪৪ | চাঁদপুর সর. কলেজ, চাঁদপুর | ৩৯০১ | ৭৫ | সাভার কলেজ, ঢাকা | ৬৪০১ |
| ১৪ | সোহরাওয়ার্দী সর. কলেজ, পিরোজপুর | ১২০১ | ৪৫ | লক্ষ্মীপুর সর. কলেজ, লক্ষ্মীপুর | ৪০০১ | ৭৬ | ধামরাই সরকারী কলেজ, ধামরাই | ৬৪০২ |
| ১৫ | ঝালকাঠি সর. কলেজ, ঝালকাঠি | ১৩০১ | ৪৬ | ফেনী সর. কলেজ, ফেনী | ৪১০১ | ৭৭ | ইস্পাহানি কলেজ, ঢাকা | ৬৪০৬ |
| ১৬ | ভোলা সর. কলেজ, ভোলা | ১৪০১ | ৪৭ | নোয়াখালী সর. কলেজ, নোয়াখালী | ৪২০১ | ৭৮ | নিউ মডেল ডিগ্রী কলেজ, ঢাকা | ৬৪১০ |
| ১৭ | পটুয়াখালী সর. কলেজ, পটুয়াখালী | ১৫০১ | ৪৮ | চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম | ৪৩০১ | ৭৯ | তেজগাঁও কলেজ, ঢাকা | ৬৪২২ |
| ১৮ | বরগুনা সর. কলেজ, বরগুনা | ১৬০১ | ৪৯ | চট্টগ্রাম সর. সিটি কলেজ, চট্টগ্রাম | ৪৩০৪ | ৮০ | শেখ বোরহানুদ্দিন পো.গ্রা. কলেজ | ৬৪২৫ |
| ১৯ | সরকারী এম.সি. কলেজ, সিলেট | ১৭০১ | ৫০ | হাজী মহসীন কলেজ, চট্টগ্রাম | ৪৩০৫ | ৮১ | টি এন্ড টি কলেজ, ঢাকা | ৬৪৩১ |
| ২০ | বৃন্দাবন সর. কলেজ, হবিগঞ্জ | ১৮০১ | ৫১ | সরকারী কমার্স কলেজ, চট্টগ্রাম | ৪৩০৬ | ৮২ | আবুজর গিফারী কলেজ, ঢাকা | ৬৪৩৯ |
| ২১ | সুনামগঞ্জ সর. কলেজ, সুনামগঞ্জ | ১৯০১ | ৫২ | কক্সবাজার সরকারী কলেজ, কক্সবাজার | ৪৪০১ | ৮৩ | তেজগাঁও মহিলা কলেজ, ঢাকা | ৬৪৪২ |
| ২২ | মৌলভীবাজার. সর. কলেজ, মৌলভীবাজার | ২০০১ | ৫৩ | বান্দরবান সর. কলেজ, বান্দরবান | ৪৫০১ | ৮৪ | লালমাটিয়া মহিলা কলেজ, ঢাকা | ৬৪৪৭ |
| ২৩ | সর. এডওয়ার্ড কলেজ, পাবনা | ২১০১ | ৫৪ | রাঙ্গামাটি সর. কলেজ, রাঙ্গামাটি | ৪৬০১ | ৮৫ | ঢাকা উইমেন্স কলেজ, উত্তরা, ঢাকা | ৬৪৫১ |
| ২৪ | সিরাজগঞ্জ সর. কলেজ, সিরাজগঞ্জ | ২২০১ | ৫৫ | খাগড়াছড়ি সরকারী কলেজ, খাগড়াছড়ি | ৪৭০১ | ৮৬ | মোঃপুর কেন্দ্রীয় কলেজ, ঢাকা | ৬৪৫৮ |
| ২৫ | এন.এস. সরকারী কলেজ, নাটোর | ২৩০১ | ৫৬ | নেত্রকোনা সর. কলেজ, নেত্রকোনা | ৪৮০১ | ৮৭ | হাবিবুলাহ বাহার কলেজ, ঢাকা | ৬৪৫৯ |
| ২৬ | নওগাঁ সর. কলেজ, নওগাঁ | ২৪০১ | ৫৭ | গুরুদয়াল সর. কলেজ, কিশোরগঞ্জ | ৪৯০১ | ৮৮ | আলহাজ মকবুল হোসেন কলেজ, ঢাকা | ৬৪৮৬ |
| ২৭ | রাজশাহী সর. কলেজ, রাজশাহী | ২৫০১ | ৫৮ | সর. আশেক মাহমুদ কলেজ, জামালপুর | ৫০০১ | ৮৯ | শ্যামনগর সরকারি মহসিন ডিগ্রি কলেজ ঢাকা | ২০৭ |
| ২৮ | রাজশাহী সর. সিটি কলেজ, রাজশাহী | ২৫০২ | ৫৯ | শেরপুর সর. কলেজ, শেরপুর | ৫১০১ | | | |
| ২৯ | নিউ গভঃ কলেজ, রাজশাহী | ২৫০৬ | ৬০ | নাসিরাবাদ কলেজ, ময়মনসিংহ | ৫২০৪ | ৯০ | সরকারি বিজ্ঞান কলেজ, ঢাকা | ৬৪১৮ |
| ৩০ | নবাবগঞ্জ সর. কলেজ, নবাবগঞ্জ | ২৬০১ | ৬১ | এম.এম.আলী কলেজ, টাঙ্গাইল | ৫৩০২ | ৯১ | সরকারী জিল্লুর রহমান মহিলা কলেজ ভৈরব, কিশোরগঞ্জ | ৪৯১৪ |
| ৩১ | সর. আযিযুল হক কলেজ, বগুড়া | ২৭০১ | ৬২ | নরসিংদী সর. কলেজ, নরসিংদী | ৫৪০১ | | | |

**স্বাক্ষরিত/-**
**(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)**
ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ৯২৯১০৬৮
ফ্যাক্স-৯২৯১০৭২, ই-মেইল- *deanug@nubd.info*

স্মারক নং ঃ ০৬ (১০১) জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/প্রাইভেট/২০০১/২৩৬৯ তারিখ ঃ ০৬/০২/২০২০

**অনুলিপি/সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলোঃ**

১। সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়।
২। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৩। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৪। পরিচালক, কম্পিউটার ও আই সি টি ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েব সাইট এ বিজ্ঞপ্তি, সফটওয়্যার ও আবেদন ফরম প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল)।
৫। পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৬। পরিচালক, জনসংযোগ ও প্রকাশন বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয় (বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় প্রকাশের অনুরোধ করা হ'ল)।
৭। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৮। সচিব, ভাইস-চ্যান্সেলর মহোদয় এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৯। সেকশন অফিসার, প্রো-ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
১০। সেকশন অফিসার, ট্রেজারার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
১১। অফিস কপি/গার্ড ফাইল/সংশ্লিষ্ট সকল নথি।

**স্বাক্ষরিত/-**
**(মোহাম্মদ হোসেন)**
উপ-রেজিস্ট্রার (ডিগ্রী পাস)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪